দৈনিক জনকণ্ঠ

5

তারিখ ... AUG. 27 1999
পৃষ্ঠা 22 কলাম 6

# পরীক্ষায় অসদুপায় রোধে শিক্ষকদের যথাযথ ভূমিকা পালন করতে হবে ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে শিক্ষার হার বৃদ্ধি পাচ্ছে এবং এখন শিক্ষার মান বাড়াতে মনোযোগ দিতে হবে।

তিনি বৃহস্পতিবার বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদলের উদ্দেশে বক্তৃতা করছিলেন। প্রতিনিধিদলটি আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার হার এবং মান বাড়ানোই হচ্ছে সরকারের লক্ষ্য। সরকারের দু' বছরের সময়ে সাক্ষরতার হার ৫৬ শতাংশে উন্নীত হয়েছে। এ বছরের সাক্ষরতার হার সম্পন্ন হওয়ার পর এই অনুপাত আরও বৃদ্ধি পাবে বলে তিনি জানান। খবর বাসস'র।

শেখ হাসিনা শিক্ষার মান বাড়াতে শিক্ষকদের কাছ থেকে সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, পরীক্ষা এবং শিক্ষাখাতের অন্যান্য ক্ষেত্রে অসদুপায় প্রতিরোধে শিক্ষকদের যথার্থ ভূমিকা পালন করতে হবে। তিনি অতীতে দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে সমর্থন দেয়ার জন্য শিক্ষক সমাজকে ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী বলেন, উঁচুমানের শিক্ষায় সমৃদ্ধ একটি সমাজ প্রতিষ্ঠা করাই মুক্তিযুদ্ধের চেতনা। শেখ হাসিনা বলেন, দেশের স্বাধীনতাকে অর্থবহ করতে এই বিষয়টি নিশ্চিত করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর দেশে গণতন্ত্র ব্যাহত হয়। দীর্ঘ সংগ্রামের পর জনগণ তাদের অধিকার প্রতিষ্ঠা করতে পেরেছে বলে তিনি উল্লেখ করেন।

শেখ হাসিনা বলেন, ক্ষমতা গ্রহণের পর সরকার অমীমাংসিত সমস্যাগুলোর সমাধানে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এই প্রসঙ্গে তিনি পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি ও গঙ্গার পানি বণ্টন চুক্তির কথা উল্লেখ করেন।

সরকারী কর্মচারীদের জন্য পে-স্কেলের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, সরকারী শিক্ষকদের পাশাপাশি বেসরকারী কলেজ শিক্ষকদের পে-স্কেলের সুবিধা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শিক্ষানীতি গ্রহণ সম্পর্কে তিনি বলেন, সরকার সকলের কাছে গ্রহণযোগ্য একটি শিক্ষানীতি প্রণয়ন করতে চায়। প্রধানমন্ত্রী নিজেদের দায়িত্ব পালনের পাশাপাশি সাধারণ মানুষের কল্যাণের প্রচেষ্টায় অবদান রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি কলেজে পরীক্ষার্থীদের ভুয়া নিবন্ধীকরণ এবং পরীক্ষায় ছাত্রদের অসদুপায় অবলম্বনের হার বৃদ্ধিতে বিশেষভাবে উদ্বেগ প্রকাশ করেন এবং এ ব্যাপারে যথাযথ ভূমিকা পালনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। প্রতিনিধিদলের সদস্যরা হচ্ছেন সমিতির সভাপতি ডঃ এম আখতারুজ্জামান, মহাসচিব প্রিন্সিপাল মোহাম্মদ শাহজাহান, অধ্যাপক রঙ্গলাল সেন, ডঃ হারুনুর রশীদ, অধ্যাপক রফিকুল মণ্ডলা, অধ্যাপক এমএ বারী, এসএম মাহফুজুর রহমান, অধ্যক্ষ এএফএম আজিজুল হক, অধ্যাপক সিরাজুল হক এবং নজরুল মজিদ বেলাল।

## দলীয় নেতাকর্মীদের প্রতি কঠোর পরিশ্রমের আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের কল্যাণমূলক কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে কঠোর পরিশ্রম করার জন্য আওয়ামী লীগ এবং এর আঙ্গসংগঠনগুলোর স্থানীয় পর্যায়ের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া থানার আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের নেতাদের সমন্বয়ে একটি প্রতিনিধিদল বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে দেখা করলে তিনি এই আহ্বান জানান।

প্রতিনিধিদল তাদের থানার উন্নয়ন কাজের বিভিন্ন দিক সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

শেখ হাসিনা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য নেতাকর্মীদের নির্দেশ দেন।

গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ মোহাম্মদ আব্দুল্লাহ, কোটালীপাড়া থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ হাবিবুর রহমান, স্থানীয় আওয়ামী লীগ নেতা কমল সেন এবং কোটালীপাড়া থানা যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।